



ISO 9001, ISO 14001 &  
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবিস মনিটরিং ও ব্য. প. (উ. অ.) পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন (৯ম তলা)  
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
টেলিফোন: ০২-৮৯০০২৯৮  
ই-মেইল: dmo.northbreb@gmail.com


স্মারক নং-২৭.১২.০০০০.০২৬.০৭.৬২১.২৪.১০৩৫

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ।  
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ।

## জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে ব্যবহার অনুপযোগী ও কনডেম ঘোষিত (ক) সুপার এনামেল কপার তার, (খ) এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস ও (গ) স্টীল পোল ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে (পবিস) যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে ০৫টি প্যাকেজ ও ১৫টি সাব-প্যাকেজের আওতায় বিগত ০৯/১১/২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত নিলাম দরপত্রের বিপরীতে ইতোমধ্যে গ্রহণযোগ্য দরদাতা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বিক্রয়াদেশ (NOA) প্রদান করা হয়েছে।

অন্যদিকে, যে সকল দরদাতা প্রতিষ্ঠান বিক্রয়াদেশ (NOA) প্রাপ্য হয়নি, সে সকল দরদাতা প্রতিষ্ঠানকে টেলিফোনে অবহিত করা হলে ইতোমধ্যে অনেক দরদাতা প্রতিষ্ঠান তাদের প্রদত্ত নিরাপত্তা জামানত আবেদনের মাধ্যমে ফেরত নিয়েছেন। অবশিষ্ট দরদাতা প্রতিষ্ঠানসমূহকে দ্রুততম সময়ের মধ্যে তাদের নিরাপত্তা জামানত পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা বরাবর আবেদনের মাধ্যমে ফেরত নেওয়ার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

  
(মোঃ আনোয়ার হোসেন)  
পরিচালক

### অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজ্য ক্ষেত্রে কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, হিসাব পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবো'র ওয়েবসাইটে আপলোড করণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জিএম/জিএম, সকল পবিস (বিজ্ঞপ্তিটি পবিস ওয়েবসাইটে আপলোড ও নোটিশ বোর্ডে সীটানোর অনুরোধসহ)।
- ০৬। উপ-পরিচালক, সাধারণ প্রশাসন বিভাগ, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবো'র নোটিশ বোর্ডসহ দৃশ্যমান স্থানে সীটানোর অনুরোধ করা হলো)।
- ০৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।